দামুড়হুদায় শিক্ষার্থী রাজন আলীকে আর্থিক সহায়তা প্রদান

দামুড়হুদায় চোখের চিকিৎসার জন্য পঞ্চম শ্রেণীর মেধাবী ছাত্র রাজন আলী (১১) কে আর্থিক সহায়তা প্রদান করলেন উপজেলার ১১৬টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা বৃন্দ।

আজ সোমবার (২৮ অক্টোবর) দুপুর ২ টায় উপজেলা নির্বাহী অফিসারের নিজ কার্যালয়ে উপজেলার প্রাথমিক শিক্ষক শিক্ষিকাদের পক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল রাজন আলীকে এই আর্থিক সহায়তা প্রদান করেন।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মমতাজ মহল আহত রাজন আলী ও মায়ের কাছে কী ভাবে চোখ ক্ষতিগ্রস্ত হলো ঘটনার বর্ণনা শোনেন ও সমবেদনা প্রকাশ করেন। এময় তিনি তার বর্তমান চিকিৎসা ও পারিবারিক অবস্থা সম্পর্কে খোজ খবর নেন এবং পাশে থাকার প্রতিশ্রুতি দেন ।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, সহকারি শিক্ষা কর্মকর্তা নূর ইসলাম, ছবির উদ্দিন, দেউলী প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষিকা জাহানারা পারভীন।

রাজন আলী দামুড়হুদা সদর ইউনিয়নের দেউলী গ্রামের মোড় পাড়ার শরিফুল ইসলামের ছেলে ও দেউলী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র।

ঘটনার বর্ণনা দিতে গিয়ে রাজন আলীর পিতা শরিফুল ইসলাম বলেন গত ৮ ই আগস্ট আমার ছেলে প্রতিদিনের ন্যায় স্কুলে লেখাপড়ার উদ্দেশ্যে গিয়েছিল এক পর্যায়ে সহ-পাঠিদের সাথে খেলার সময় সহ-পাঠি রিয়া খাতুন কলমের আগায় নিয়ে ছোট কাইছে ঘোরাচ্ছিল হঠাৎ কাইছে ছুটে গিয়ে আমার ছেলের চোখে লাগে এ সময় চোখের কালো মনি কেটে যায় ও কর্নিয়া ক্ষতিগ্রস্ত হয়। খামারবাড়ি ঢাকায় অবস্থিত ইসলামিয়া চক্ষু ক্লিনিকে আমার ছেলের চোখের চিকিৎসা চলছে। ছেলের চিকিৎসার জন্য অনেক টাকার প্রয়োজন। এ সময় কান্না জড়িত কন্ঠে পিতা শরিফুল ইসলাম বলেন আমি দিনমজুর গরিব মানুষ কোন সময় পাওয়ার ট্রিলার চালিয়ে ও ক্ষেত খামারে মজুরি দিয়ে সংসার চালায়। আমার পক্ষে ছেলের চিকিৎসা ব্যয় বহন করা সম্ভব হচ্ছে না। সকলের সহযোগিতা কামনা করছি।